

# Telephone conversation between Prime Minister and H.E. Filipe Jacinto Nyusi, President of Mozambique

June 03, 2020

মাননীয় প্রধানমন্ত্রী এবং মোজাম্বিকের রাষ্ট্রপতি মহামান্য ফিলিপ জ্যাসিন্টো নাযুসির মধ্যে টেলিফোনে বাক্যালাপ

জুন 03, 2020

মাননীয় প্রধানমন্ত্রী আজ ফোনে মোজাম্বিকের রাষ্ট্রপতি মহামান্য ফিলিপ জ্যাসিন্টো নাযুসির সাথে বাক্যালাপ করেছেন।

চলতে থাকা কোভিড-19 অতিমারির ফলে উভয় দেশ যে চ্যালেঞ্জগুলির সম্মুখীন হয়েছে তা নিয়ে দুই নেতা আলোচনা করেছেন। এই স্বাস্থ্য সঙ্কট চলাকালীন অত্যাবশ্যক ওষুধ এবং সরঞ্জামের ব্যবস্থা সহ মোজাম্বিকের প্রচেষ্টাকে সাহায্য করার ক্ষেত্রে ভারতের সদৃষ্টির কথা মাননীয় প্রধানমন্ত্রী জানিয়েছেন। স্বাস্থ্য বিষয়ক সরঞ্জাম এবং ওষুধ যোগানের ক্ষেত্রে উভয় দেশের মধ্যে থাকা ঘনিষ্ঠ সহযোগিতার সম্পর্ক বিষয়ে রাষ্ট্রপতি নাযুসি প্রশংসা করেছেন।

মোজাম্বিকে ভারতীয় বিনিয়োগ এবং উন্নয়ন প্রকল্প সহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে দুই নেতা আলোচনা করেছেন। মোজাম্বিকের কয়লা এবং প্রাকৃতিক গ্যাস ক্ষেত্রে ভারতীয় কোম্পানিগুলির অঙ্গীকারের উল্লেখ সহ আফ্রিকার সাথে ভারতের সামগ্রিক অংশীদারিত্বের ক্ষেত্রে মোজাম্বিক যে একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ সেই বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী স্বীকৃতি দিয়েছেন।

প্রতিরক্ষা এবং নিরাপত্তার ক্ষেত্রে বেড়ে চলা সহযোগিতার বিষয়ে দুই নেতাই সন্তোষ প্রকাশ করেছেন। উত্তর মোজাম্বিকের সন্ত্রাসবাদী কার্যকলাপ নিয়ে রাষ্ট্রপতি নাযুসির উদ্বেগের কথা মাননীয় প্রধানমন্ত্রী জেনেছেন এবং মোজাম্বিকের পুলিশ এবং নিরাপত্তা বাহিনীর সমর্থ্য তৈরির মাধ্যমে সম্ভাব্য সাহায্যের প্রস্তাব দিয়েছেন।

মোজাম্বিকে থাকা ভারতীয় এবং ভারতীয় বংশোদ্ভূত সম্প্রদায়ের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে মোজাম্বিক কতৃপক্ষের প্রচেষ্টার জন্য মাননীয় প্রধানমন্ত্রী বিশেষ ধন্যবাদ জানিয়েছেন।

চলতে থাকা অতিমারির সময়ে সহযোগিতা এবং সমর্থনের নতুন রাস্তা খুঁজে বার করতে দুই দেশের অধিকারিকদের যোগাযোগ রেখে চলার বিষয়ে দুই নেতা সহমত হয়েছেন।

নিউ দিল্লি

জুন 03, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.